দৈনিক
ইত্তেফাক

তারিখ AUG 01 2006
পৃষ্ঠা ২০ কলাম ৪

# জন্ম তারিখের ভিত্তিতে উচ্চমাধ্যমিক শ্রেণীতে ভর্তি প্রশ্নে হাইকোর্টের রুল

॥ সুপ্রিম কোর্ট রিপোর্টার ॥

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ জন্ম তারিখের পরিবর্তে মার্কশীটের ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের উচ্চ মাধ্যমিক শ্রেণীতে (প্রথম বর্ষ) ভর্তি করার জন্য কেন নির্দেশ দেয়া হবে না এক সপ্তাহের মধ্যে তার কারণ দর্শানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ ১১ জনের প্রতি রুল জারি করেছে। অপর দশজন হলেনঃ ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, কুমিল্লা, বরিশাল, সিলেট, মাদ্রাসা ও পলিটেকনিক্যাল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং ইনেসপেকশন ও অডিট অধিদপ্তরের পরিচালক।

শিক্ষা মন্ত্রণালয় গত ৬ জুলাই জন্ম তারিখের জেষ্ঠ্যতার ভিত্তিতে উচ্চ মাধ্যমিক লেভেলে ভর্তির বিধিমালা জারি করেন। ঐ বিধিমালার বৈধতা (১৯শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## জন্ম তারিখের ভিত্তিতে

(২০শ পৃঃ পর)

চ্যালেঞ্জ করে চট্টগ্রাম জজ কোর্টের আইনজীবী এডভোকেট উত্তরা দেব চৌধুরী একটি রিট পিটিশন পেশ করেন।

রিট পিটিশনে বলা হয়, ভর্তির জন্য আলোচ্য বিধিমালা আইনের দৃষ্টিতে সমতা সংক্রান্ত সংবিধানের ২৭ অনুচ্ছেদ ও ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষ ভেদে বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি বৈষম্য-না করা সংক্রান্ত ২৮ অনুচ্ছেদের পরিপন্থি বিধায় অবৈধ ও বাতিলযোগ্য। বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী ও বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ গতকাল সোমবার প্রাথমিক শুনানি শেষে এ রুল জারি করেন। সে সাথে হাইকোর্ট আলোচ্য বিধিমালা অবৈধ, আইনগত কর্তৃত্ব বহির্ভূত ও অকার্যকর বলে কেন ঘোষণা করা হবে না তারও কারণ দর্শানোর জন্য উল্লিখিত কর্তৃপক্ষের প্রতি রুল জারি করেছেন। রিট পিটিশনারের নিজের খরচে বিশেষ বাহকের মাধ্যমে আদালতের নোটিশ জারি করার নির্দেশ দেয়া হয়েছে।

রিট পিটিশনারের পক্ষে ছিলেন আব্দুল মতিন খসরু, মোহাম্মদ মোতাহার হোসেন সাজু, সেলিনা আকতার চৌধুরী প্রমুখ আইনজীবী। সরকারের পক্ষে